৩৭

ভোরের কাগজ

তারিখ MAR. 2 4 1999
পৃষ্ঠা ১০ কলাম ৫

# মেয়ে শিশু শিক্ষার ওপর অধিক গুরুত্ব দেওয়া হবে
## —নাইজেল ফিশার

কাগজ প্রতিবেদক : দক্ষিণ এশিয়ায় ইউনিসেফের আঞ্চলিক পরিচালক নাইজেল ফিশার বলেছেন যে, তিনি দক্ষিণ এশিয়ায় মেয়ে শিশু শিক্ষার বিষয়টিকে সবচেয়ে বেশি গুরুত্ব দেবেন।

আঞ্চলিক পরিচালক হিসেবে দায়িত্ব প্রাপ্তির পর বাংলাদেশ সফরকালে গতকাল সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। গত মাসে তিনি এ পদে নিযুক্ত হয়ে প্রথমবারের মতো দক্ষিণ এশিয়া আসেন।

বাংলাদেশে অর্থমন্ত্রী, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়নমন্ত্রী, ইআরডি সচিবের সঙ্গে তিনি ইতিমধ্যে দেখা করেছেন। এ ছাড়াও বাংলাদেশ শিক্ষা, স্বাস্থ্য এবং আর্সেনিক দূষণ রোধে ইউনিসেফ যেসব প্রকল্পে সহায়তা দিচ্ছে, সেসব প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন।

ইউনিসেফের হয়ে ২০ ব
অভিজ্ঞতা রয়েছে নাইজে
২০ বছরে এশিয়া,
মধ্যপ্রাচ্যের বিভিন্ন
করেছেন। বিশ্বের
অবহেলিত, সুবিধাব
দক্ষিণ এশিয়ায়
শুরুর আগে তি
চিহ্নিত করেছে
রোধ, অপুষ্টি দূর
শিক্ষার হার বাড়ানো ই

এসব বিষয়গুলোর বর্তমান অবস্থা জানার জন্য সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে নাইজেল বলেন, আমরা সামনের বছরই ঢুকছি আরেকটি সহস্রাব্দে। এ সহস্রাব্দের প্রথম দশককে ঘোষণা করা হয়েছে শিশু অধিকার দশক হিসেবে এবং এই দশকটা ছিল মেয়ে শিশু শিক্ষার দশক। আমার মনে হয় শিশু অধিকার রক্ষা দশকে ঢোকার আগে একবার ফিরে দেখা দরকার গত দশকে আমাদের অর্জন কতোটুকু। সে কারণেই আমার কাজের প্রথম ইস্যু 'মেয়ে শিশু শিক্ষা'।

ইউনিসেফের জেপিজে মিলনায়তনে আয়োজিত এ মতবিনিময় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে ইউনিসেফের আঞ্চলিক প্রতিনিধি শাহিদা আজফার।